

## ক্যামব্রিজের গবেষকদের দ্বারা ডঃ অরিজিৎ দাসের বই প্রকাশ, সূচিত ব্রিটিশ গ্রন্থাগারেও

Posted on **September 22, 2019** by **santanu99** —

আপডেট প্রতিনিধি, আগরতলা, ২২ সেপ্টেম্বর ॥ রসায়ন চর্চা আর গবেষণাতে দেশে-বিদেশে বহুবার স্বীকৃতি পেয়েও থেমে থাকেনি রাজ্যের কৃতি সন্তান ডঃ অরিজিৎ দাস। রসায়ন চর্চা আর গবেষণাতে জীবন উৎসর্গ করে ছোট্ট এই রাজ্য ছাড়াইয়ে দেশে-বিদেশে অনন্য দৃষ্টান্ত রেখেছেন তিনি। রাজ্যের কৃতি সন্তান তথা বর্তমানে আগরতলার বি বি এম কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাসের সুদীর্ঘ গবেষণার ফসল হিসেবে এবার মর্যাদাপূর্ণ ক্যামব্রিজের গবেষকরা ডঃ অরিজিৎ দাসের লেখা একটি স্বপ্নের বই প্রকাশ করেছেন। যার নাম হচ্ছে ‘**Innovative Mnemonics in Chemical Education: A Handbook for Classroom lectures**’। সম্প্রতি এই বইটি অনলাইনে প্রকাশিত হয়েছে। জানা গেছে, আগামী ১লা নভেম্বর, ২০১৯ এই বইটির হার্ড কপি প্রকাশিত হবে। পাশাপাশি ডঃ দাসের লেখা এই বইটি ইতিমধ্যেই লন্ডনের বৃহত্তম গ্রন্থাগার ‘ব্রিটিশ গ্রন্থাগারে’ সূচিত হয়েছে। ডঃ দাস জানান, বিজ্ঞানের পড়ুয়াদের স্বার্থে কঠিন রসায়নকে সহজবোধ্য করে তোলার জন্য এবং খুব কম সময়ে রসায়নের বিভিন্ন সমস্যা সমাধানের জন্যই তাঁর এই নিরলস প্রয়াস।



ডঃ অরিজিৎ দাসের এই সাফল্যে রাজ্যের উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা, ভিয়েতনামের Vinh University এর Teaching Methods of Chemistry বিভাগের প্রধান অধ্যাপক Cao Cu Giac, মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক সংস্থা minerazzi.com এর প্রশাসক Dr. Edel Garcia, আই আই টি খড়গপুরের রসায়ন বিভাগের অধ্যাপক পি কে চ্যাটার্জি, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক নীলাশিষ নন্দী, শিলং এর নেহু বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রাক্তন প্রধান অধ্যাপক আর এ লাল, কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক তথা রসায়নের বিখ্যাত স্কলার অধ্যাপক ডঃ জি এন মুখার্জি এবং রসায়ন বিভাগের অধ্যাপক রাসবিহারী ঘোষ ডঃ দাসকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক রাসায়নিক শিক্ষা সম্পর্কিত জার্নাল “World Journal of Chemical Education”-এ ডঃ দাসের রসায়ন বিদ্যার ১৯টি সহজ শিক্ষাদান পদ্ধতি সহ ৩৯টি আধুনিক ফর্মুলার সংযোজন রয়েছে। তাছাড়া বুক চার্টারে ডঃ দাসের ৪টি বন্ধন ক্রমের জন্য এবং ৩টি চুষকীয় ধর্মের জন্য মোট ৭টি ফর্মুলা প্রকাশিত হয়েছিল। পাশাপাশি ডঃ দাস বিশ্বের ৮৬টি দেশকে হারিয়ে দেশের নাম উজ্জ্বল করে ক্যামিকেল এডুকেশনে (উদ্ভাবনী স্মৃতিবর্ধনবিদ্যা) বিশ্ব চ্যাম্পিয়নশিপ-২০১৮ জয়লাভ করেছিলেন। মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক সংস্থা International Agency for Standards and Ratings (IASR) ডঃ অরিজিৎ দাসকে ‘ফাদার অব মর্ডান ক্যামিকেল এডুকেশন (উদ্ভাবনী স্মৃতিবর্ধনবিদ্যা)’ এর উপাধিও দিয়েছে। শুধু তাই নয়, ছাত্রছাত্রীদের বিনামূল্যে শিক্ষাদানের স্বপ্ন নিয়ে ডঃ দাস [www.arjitchemistryworld.com](http://www.arjitchemistryworld.com) নামে এক ওয়েবসাইটের সূচনা করেছিলেন। ডঃ দাসের নিরলস প্রচেষ্টার এরকম অসংখ্য উদাহরণ রয়েছে।